# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬১৩

১৮. ব্যবসা-বাণিজ্য অধ্যায় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩৯. মদীনার সা’আ ও মুদ্দ সম্পর্কে

باب فِي صَاعِ الْمَدِينَةِ وَمُدِّهَا

## আরবী

أَخْبَرَنَا أَبُو مُحَمَّدٍ الْحَنَفِيُّ الْمَدَنِيُّ حَدَّثَنَا مَالِكٌ عَنْ إِسْحَقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ اللَّهُمَّ بَارِكْ لَهُمْ فِي مِكْيَالِهِمْ وَبَارِكْ لَهُمْ فِي صَاعِهِمْ وَمُدِّهِمْ يَعْنِي الْمَدِينَةَ

## বাংলা

২৬১৩. আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “ইয়া আল্লাহ! আপনি তাদের মাপের পাত্রে বরকত দিন এবং তাদের সা’আ ও মুদ্দ-এ বরকত দিন অর্থাৎ মদিনাবাসীদের।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর রাবী আবূ মুহাম্মদ আল হানাফীকে আমি চিনি না। ((তবে হাদীসটি সহীহ-যেমন তাখরীজে উল্লেখিত হয়েছে-অনুবাদক))

তাখরীজ: মালিক, জামি’ ১ সহীহ সনদে; বুখারী, বুয়ূ ২১৩০; মুসলিম, হাজ্জ ১৩৬৮।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৭৪৬ তে।

সংযোজনী: এছাড়াও, তাহাবী, মুশকিলিল আছার ২/৯৭; ইবনু আব্দুল বারর, আত তামহীদ ১/২৭৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82898

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন